

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী পরিচালকের দপ্তর  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
চট্টগ্রাম।

**“সভার কার্যবিবরণী”**

সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স চট্টগ্রাম অফিস কক্ষে ওয়্যারহাউজ ইন্সপেক্টরদের নিয়ে APA চুক্তি মোতাবেক রাজস্ব মাশুল আদায় বিষয়ে সভার কার্যবিবরণী :-

সভাপতি	: সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম।
সভার তারিখ	: ০৮/০৫/২০২২খ্রিঃ।
সময়	: সকাল- ১০.০০ ঘটিকা।
স্থান	: সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স চট্টগ্রামস্থ অফিস কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরম করনাময় মহান আল্লাহর নামে সভার কাজ আরম্ভ করেন। সভায় অংশগ্রহণকারী অত্র দপ্তরের আওতাধীন ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ উপস্থিত ছিলেন। APA চুক্তি মোতাবেক রাজস্ব মাশুল আদায়ের বিষয়ে সভার কার্যবিবরণী অতঃপর উক্ত বিষয় সম্পর্কে আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ	বিষয় সমূহ	বিস্তারিত আলোচনা/গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
০১	অনাবায়িত ফায়ার লাইসেন্স নবায়ন প্রসঙ্গে।	প্রত্যেক ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ তার কর্ম অঞ্চলের আওতাধীন অনাবায়িত লাইসেন্স দ্রুত সনাক্ত করে নবায়নের ব্যবস্থা নেওয়ার জন্য।	ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ
০২	মাশুল আদায় শতভাগ নিশ্চিত করণ প্রসঙ্গে।	প্রত্যেক ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ মাশুল আদায় (২০২১-২০২২ অর্থ বৎসরে) শতভাগ নিশ্চিত করতে হবে।	ঐ
০৩	মোভমেন্ট রেজিষ্টারে গমনাগমন নিশ্চিত করণ প্রসঙ্গে।	প্রত্যেক দিন সকাল ৯.০০ ঘটিকায় ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ উপ-সহকারী পরিচালকদের অবহিত করে মোভমেন্ট রেজিষ্টারে গমনাগমনের ব্যাপারে নিশ্চিত হবেন।	ঐ
০৪	মাশুল আদায়ের সাপ্তাহিক প্রতিবেদন দাখিল করণ প্রসঙ্গে।	প্রত্যেক ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ মাশুল আদায়ের ব্যাপারে সাপ্তাহিক (প্রত্যেক বৃহস্পতি বার) ০১টি প্রতিবেদন সহকারী পরিচালক, চট্টগ্রাম দপ্তরে ওয়্যারহাউজ শাখায় দাখিল করিবেন।	ঐ
০৫	পরিদর্শন রেজিষ্টার নিশ্চিত করণ প্রসঙ্গে।	পরিদর্শন রেজিষ্টার সমূহ দৈনন্দিন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	ঐ

উল্লেখ্য যে, সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ফারুক হোসেন সিকদার পিএফএম  
সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
চট্টগ্রাম।

তারিখ : ০৮/০৫/২০২২খ্রিঃ।

স্মারক নং-৫৮.০৩.২০১৫.০০১.৪০.০৪০.১৫-১২৯৫/৩৫

অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম জোন-১/২/৩/কক্সবাজার।
- ৪। ওয়্যারহাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স চট্টগ্রাম... ..(সকল)
- ৫। মবিলাইজিং অফিসার, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম। তাঁকে অত্র দপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ ফারুক হোসেন সিকদার পিএফএম  
সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স